# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

বিডিপি/১৫/মসজিদ/এ

০৪ জুলাই ২০২৬

বিষয়: মাসিক ও বার্ষিক দাতা সদস্য সংগ্রহ নিমিত্তে।

বিসমিল্লাহির রাহমানীর রাহীম,

সম্মানিত বনানী ডিওএইচএসের বাসিন্দাবৃন্দ,

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ।

গত ২২ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত বনানী ডিওএইচএস মসজিদ পরিচালনা পর্ষদের প্রথম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মসজিদের উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও কল্যাণমূলক কার্যক্রমে স্থায়ী আর্থিক সহায়তা নিশ্চিত করার লক্ষ্যে মাসিক ও বার্ষিক দাতা সদস্য কর্মসূচি চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

বনানী ডিওএইচএস মসজিদ আমাদের সকলের প্রিয় ইবাদতখানা। নিয়মিত পাঁচ ওয়াক্ত নামাজ, জুমা, তারাবীহ, কুরআন শিক্ষা, ধর্মীয় ও সামাজিক কল্যাণমূলক কার্যক্রম পরিচালনার পাশাপাশি মসজিদের অবকাঠামোগত উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, পরিচ্ছন্নতা, সৌন্দর্যবর্ধন এবং ভবিষ্যৎ উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য নিয়মিত আর্থিক সহায়তার প্রয়োজন হয়।

এ লক্ষ্যে বনানী ডিওএইচএস মসজিদ কর্তৃপক্ষ সম্মানিত বাসিন্দাদের নিকট হতে মাসিক ও বার্ষিক দাতা সদস্য হিসেবে অংশগ্রহণের আন্তরিক আহ্বান জানাচ্ছে।

যে সকল সম্মানিত বাসিন্দা মসজিদের উন্নয়ন ও কল্যাণমূলক কার্যক্রমে অংশগ্রহণ করতে আগ্রহী, তারা স্বেচ্ছায় তাদের সামর্থ্য অনুযায়ী মাসিক অথবা বার্ষিক অনুদানের পরিমাণ নির্ধারণ করে দাতা সদস্য হিসেবে নিবন্ধিত হতে পারবেন। অনুদানের পরিমাণ নির্ধারণে কোনো বাধ্যবাধকতা নেই; প্রত্যেকে নিজ নিজ সামর্থ্য অনুযায়ী অবদান রাখতে পারবেন।

আগ্রহী দাতা সদস্যগণ সংযুক্ত নিবন্ধন ফরম পূরণ করে মসজিদ কর্তৃপক্ষের নিকট জমা দিতে পারবেন। মসজিদের মনোনীত প্রতিনিধি প্রয়োজনে আপনাদের নিকট হতে তথ্য ও অনুদান সংগ্রহ করবেন।

আমরা বিশ্বাস করি, আল্লাহর ঘরের উন্নয়ন ও পরিচালনায় অংশগ্রহণের মাধ্যমে আপনারা সাদাকায়ে জারিয়ার এক মহৎ সুযোগ লাভ করবেন। আপনাদের আন্তরিক সহযোগিতা বনানী ডিওএইচএস মসজিদকে আরও সমৃদ্ধ ও কার্যকর ধর্মীয় প্রতিষ্ঠানে পরিণত করতে সহায়ক হবে, ইনশাআল্লাহ।

আল্লাহ তাআলা আমাদের সকলকে তাঁর সন্তুষ্টির জন্য দান করার তাওফিক দান করুন এবং এ মহতী উদ্যোগকে কবুল করুন। আমীন।

গ্রুপ ক্যাপ্টেন জহিরুল ইসলাম চৌধুরী (অব.)
সদস্য-সচিব
মসজিদ সাব-কমিটি
বনানী ডিওএইচএস জামে মসজিদ

সংযুক্ত:
১। দাতা সদস্য নিবন্ধন ফরম-১ পাতা।

কার্যক্রম:
বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাগণ

**Telephone**: +88 02 8714697
**E-mail** : infodohsbanani@gmail.com
**Web** : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

সংযুক্তি (Annex-A)

দাতা সদস্য নিবন্ধন ফরম

আমি বনানী ডিওএইচএস মসজিদের উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও কল্যাণমূলক কার্যক্রমে অংশগ্রহণের উদ্দেশ্যে নিম্নবর্ণিত তথ্য প্রদান করছিঃ

১। নাম: ........................................................................

২। ফ্ল্যাট নম্বর: ........................................................

৩। বাসা নম্বর: ..........................................................

৪। রোড নম্বর: ..........................................................

৫। মোবাইল নম্বর: ....................................................

আমি নিম্নোক্তভাবে দাতা সদস্য হতে ইচ্ছুকঃ

☐ মাসিক দাতা সদস্য

☐ বার্ষিক দাতা সদস্য

অনুদানের পরিমাণ

মাসিক অনুদান: ...................................... টাকা

বার্ষিক অনুদান: .................................. টাকা

স্বাক্ষর: ..................................................................

তারিখ: ....................................................................

---

মসজিদ কর্তৃপক্ষের ব্যবহারের জন্য

নিবন্ধন নং: .........................................................

সংগ্রহকারীর নাম: ..............................................

মন্তব্য: ..............................................................আল্লাহ তাআলা বনানী ডিওএইচএস মসজিদের এই দাতা সদস্য কর্মসূচিকে সফল ও কল্যাণময় করুন। আমীন।

CamScanner